অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/19/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ফেডারেল জরুরি ঘোষণার অনুরোধ করছেন যেহেতু ওয়েস্টার্ন, সেন্ট্রাল এবং নর্দার্ন নিউ ইয়র্কে শীতকালীন ঝড় অব্যাহত রয়েছে

ন্যাশনাল গার্ড নিয়োগ দ্বিগুণ করলেন বাসিন্দাদের সহায়তা, থ্রুওয়ে কর্মীদের তুষার পরিষ্কারে সহায়তা, এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারীদের আটকে থাকা যানের ব্যাপারে সাহায্য করার জন্য

11টি কাউন্টি জরুরি অবস্থার অধীনেই থাকছে যেহেতু শীতকালীন ঝড় ইরি, জেফারসন এবং লিভিংস্টোন কাউন্টিগুলিতে বিপজ্জনক যাত্রা এবং সম্ভাব্য বিদ্যুৎ বিভ্রাটের কারণ সৃষ্টি করে যাচ্ছে

নিউ ইয়র্কবাসীদের বাফেলো এবং ওয়াটারফ্রন্ট এলাকায় যাত্রা এড়াতে এবং বিপজ্জনক পরিস্থিতির কারণে স্থানীয় যাত্রা উপদেশ অনুসরণ করতে তাগিদ প্রদান করা হচ্ছে

ইরি কাউন্টির অরচ্যার্ড পার্ক, ব্লেজডেল এবং হ্যামবার্গে মোট পাঁচ ফুটের বেশি, এবং ওয়াটারটাউন ও ফোর্ট ড্রাম এলাকায় ছয় ফুটের বেশি তুষার জমে যাওয়ার খবর পাওয়া গেছে, হ্যামবার্গ ও ওয়াটারটাউনে সর্বোচ্চ তুষারপাতের হার ঘণ্টায় ছয় ইঞ্চি

ইরি কাউন্টির অধিকাংশে যাতায়াত নিষেধাজ্ঞা বহাল আছে, যার মধ্যে আছে সম্পূর্ণ বাফেলো সিটি; একাধিক স্টেট হাইওয়ে বন্ধ করে দেওয়া হইছে, যার মধ্যে আছে রুট 219 এবং রুট 400-র কিছু অংশ

গভর্নর ক্যাথি হোকল আজকে ওয়েস্টার্ন, সেন্ট্রাল এবং নর্দার্ন নিউ ইয়র্ককে আক্রান্ত করা শীতকালীন ঝড়ের সর্বশেষ তথ্য প্রদান করলেন। বৃহস্পতিবার সন্ধ্যা থেকে ইরি কাউন্টির কিছু অংশে পাঁচ ফুটের বেশি তুষার ইতিমধ্যে জমে গেছে এবং জেফারসন কাউন্টিতে ছয় ফুটের বেশি তুষারপাত হয়েছে। বাফেলোর শহরগুলি এবং ওয়াটারটাউনের আশেপাশের এলাকায় প্রতি ঘণ্টায় ধারাবাহিকভাবে দুই থেকে তিন ইঞ্চি হরে তুষারপাত হচ্ছে, এবং কিছু অবস্থানে সর্বোচ্চ প্রতি ঘণ্টায় ছয় ইঞ্চি তুষারপাত হচ্ছে। এই ভারী তুষারপাত অত্যন্ত বিপজ্জনক যাতায়াতের পরিস্থিতি সৃষ্টি করেছে, যার ফলে পুরো ইরি কাউন্টিতে একাধিক রাস্তা বন্ধ এবং যাতায়াত নিষেধাজ্ঞা বহাল আছে। যেহেতু এই পরিস্থিতি পুরো সপ্তাহান্তে চলবে বলে আশঙ্কা করা যাচ্ছে,

গভর্নর হোকল এবং স্থানীয় কর্মকর্তারা তাই নিউ ইয়র্কবাসীকে ইরি কাউন্টির ক্ষতিগ্রস্ত এলাকাসমূহে, এবং একইসাথে ওয়াটারটাউনের কাছে লেক অন্টারিওর পূর্ব উপকূলে একই ধরনের লেক ইফেক্ট ঝড়ের কারণে যাত্রা এড়াতে তাগিদ প্রদান করছে। এছাড়াও গভর্নর রাষ্ট্রপতি বাইডেনের কাছে 11টি কাউন্টির জন্য একটি ফেডারেল জরুরি ঘোষণার (Emergency Declaration) অনুরোধ জমা দিচ্ছেন। অনুমোদিত হলে, জরুরি ঘোষণাটি প্রভাবিত কাউন্টিসমূহে চলমান সাড়াদান ও উদ্ধার কার্যক্রম সমর্থন করার জন্য তাৎক্ষণিক ফেডারেল তহবিল প্রদান করবে।

"আমি বিগত বেশ কিছু দিন ওয়েস্টার্ন নিউ ইয়র্কে আমার দলকে নিয়ে দিনরাত কাজ করছি স্থানীয় কর্মকর্তাদের সাথে ঝড়ের প্রস্তুতির সমন্বয়, মাঠপর্যায়ের পরিস্থিতি অনুধাবন করা এবং বাসিন্দাদের নিরাপদ রাখতে সংস্থান নিযুক্ত করার জন্য, যার মধ্যে রয়েছে ওয়েস্টার্ন নিউ ইয়র্কে ন্যাশনাল গার্ডের সংখ্যা দ্বিগুণ করা," **গভর্নর হোকল বলেন।** "এটি একটি ঐতিহাসিক ঝড়, এবং আমি ঝড় আক্রান্ত এলাকাসমূহের সকলকে তাদের ধৈর্য এবং স্থানীয় যাত্রা অধ্যাদেশ মেনে চলার জন্য ধন্যবাদ জানাতে চাই। যখন আমরা আমাদের পুনরুদ্ধার প্রচেষ্টা অব্যাহত রাখছি, যার মধ্যে একটি ফেডারেল জরুরি ঘোষণার অনুরোধ রয়েছে, তখন আমি সকলকে উৎসাহিত করছি একে অন্যের দেখাশোনা করতে, বাড়িতে থাকতে, এবং প্রিয়জন ও প্রতিবেশীদের খেয়াল রাখতে যাতে আমরা সকলে এর থেকে নিরাপদে বের হয়ে আসতে পারি।"

<u>ফেডারেল জরুরি ঘোষণা</u>

গভর্নর রাষ্ট্রপতি বাইডেনের কাছে ক্যাটারাগাস, শ্যাটাকোয়া, ইরি, জেনেসি, জেফারসন, লুইস, নায়াগ্রা, ওনিডা, ওসওয়েগো, সেইন্ট লরেন্স, এবং ওয়াইওমিং কাউন্টির জন্য একটি ফেডারেল জরুরি ঘোষণার অনুরোধ জমা দিচ্ছেন।অনুমোদিত হলে, জরুরি ঘোষণাটি প্রভাবিত কাউন্টিসমূহে চলমান সাড়াদান ও উদ্ধার কার্যক্রম সমর্থন করার জন্য তাৎক্ষণিক ফেডারেল তহবিল প্রদান করবে।এছাড়াও গভর্নর ফেডারেল ক্ষুদ্র ব্যবসা প্রশাসনকে (Small Business Administration) আহ্বান করবেন কীভাবে এটি 11টি কাউন্টি এবং সংলগ্ন কাউন্টিগুলিতে ঝড়ে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র ব্যবসাকে সাহায্য করতে পারবে তা যাচাই করে দেখার জন্য।

বৃহস্পতিবার লেক ইফেক্ট তুষার আসার পূর্বে, গভর্নর হোকল 11টি কাউন্টিতে এবং সংলগ্ন কাউন্টিগুলিতে জরুরি অবস্থা (State of Emergency) জারি করেছেন, যা বহাল রয়েছে। পাশাপাশি, নিউ ইয়র্কের জরুরি ব্যবস্থাপনা অভিজ্ঞ ব্যক্তিরা ইভেন্টটির অনেক দিন আগে থেকেই তাদের স্থানীয় সহকর্মীদের সাথে নিয়মিত যোগাযোগ করছে।

নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগ (New York State Department of Transportation, NYSDOT), থ্রুওয়ে কর্তৃপক্ষ (Thruway Authority), এবং অন্যান্য একাধিক এজেন্সিও ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং নর্থ কান্ট্রিতে অতিরিক্ত সংস্থান নিযুক্ত করছে। এইসব সংস্থানের মধ্যে রয়েছে:

<u>ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং নর্থ কান্ট্রিতে NYS সরঞ্জাম</u>

- 484টি বড় এবং মিডিয়াম প্লাও ট্রাক
- 14টি টো প্লাও
- 98টি বড় লোডার

- 24টি স্নো ব্লোয়ার
- 39টি ট্র্যাকযুক্ত যান (যার মধ্যে 24টি স্নোমোবাইল)
- অঞ্চলগুলিতে 533টি জেনারেটর
- অঞ্চলগুলিতে 202টি চেইনস

<u>ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং নর্থ কান্ট্রিতে NYS কর্মী</u>

- 1,056 জন DOT এবং থ্রুওয়ে অপারেটর ও সুপারভাইজার
- 142 জন স্টেট পুলিশ (State Police) সদস্য
- 150 জন ন্যাশনাল গার্ড সদস্য
- 24 জন ঘটনা কমান্ড ব্যবস্থা (Incident Command System, ICS) কর্মী

লেক ইরি থেকে লেক ইফেক্ট তুষারের তীব্র ব্যান্ডটি পুরো সপ্তাহান্তে ওয়েস্টার্ন নিউ ইয়র্ককে প্রভাবিত করতে থাকবে এবং পূর্বাভাস অনুযায়ী এটি ধীরে বাফেলো শহরের উত্তরে চলে যাবে শনিবার এবং এরপর আবার দক্ষিণে সরে এসে বাফেলো মেট্রো এলাকা পার হবে এবং আরো ছয় থেকে নয় ইঞ্চি তুষার নিয়ে আসবে। একইভাবে, লেক অন্টারিওর পূর্ব উপকূলের ব্যান্ডটি তীব্রতর হবে এবং জেফারসন কাউন্টির পুরো উত্তর অংশজুড়ে, যার মধ্যে ওয়াটারটাউন সিটি অন্তর্ভুক্ত, রবিবার সন্ধ্যা পর্যন্ত আরো ছয় ইঞ্চি তুষারপাত নিয়ে আসতে পারে। ওসওয়েগো কাউন্টিতে রবিবার ও সোমবারের মধ্যে অতিরিক্ত দুই ফুট তুষারপাত হতে পারে।

একাধিক অঞ্চলের জন্য লেক ইফেক্ট তুষার সতর্কতা (Lake Effect Snow Warning) এবং বিভিন্ন আবহাওয়া উপদেশও রবিবার ও সোমবার কার্যকর থাকবে। আপনার এলাকায় আবহাওয়া নজরদারি এবং সতর্কতার সম্পূর্ণ তালিকার জন্য, আপনার এলাকার জাতীয় আবহাওয়া পরিষেবার (National Weather Service) ওয়েবসাইটে যান।

নিউ ইয়র্ক স্টেটের স্বদেশের নিরাপত্তা এবং জরুরি সেবা ডিভিশনের (State Division of Homeland Security and Emergency Services, DHSES) কমিশনার জ্যাকি ব্রে বলেন, "ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং নর্থ কান্ট্রির নিউ ইয়র্কবাসীরা এই ঝড়ের জন্য ভালোভাবে প্রস্তুত ছিলো, এবং আমি তাদেরকে রাস্তা থেকে দূরে থাকার জন্য এবং সকলের নিরাপত্তার স্বার্থে স্থানীয় কর্মকর্তাদের যাত্রা নির্দেশনা অনুসরণ করার জন্য ধন্যবাদ জানাতে চাই। আমি সকলকে মনে করিয়ে দিচ্ছি যে আমরা এখনো এই ঝড় থেকে আরো তুষারপাতের আশঙ্কা করছি এবং 11টি কাউন্টিতে জরুরি অবস্থা বহাল থাকবে। গভর্নর হোকল এবং আমি সরকারের সকল পর্যায়ে আমাদের অংশীদারদের সাথে কাজ করে যাবো নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখা নিশ্চিত করার জন্য।"

<u>ন্যাশনাল গার্ড</u>

গভর্নর হোকল এছাড়াও স্টেটের সাড়াদানে সহায়তা করার জন্য ন্যাশনাল গার্ডকে নিযুক্ত করেছেন এবং আনুমানিক 150 গার্ড সদস্য 2য় স্কোয়াড্রন 101তম ক্যাভেলরি এবং নায়াগ্রা ফলসের 107তম আক্রমণ উইং, বাফেলোর 105তম সামরিক পুলিশ কোম্পানি (Military Police Company), এবং সিরাকিউজের 174তম আক্রমণ উইং থেকে নিয়ে মোট নিযুক্তির সংখ্যা দ্বিগুণ হয়েছে। প্রয়াসগুলির উদ্দেশ্য হ্যামবার্গ টাউন, যেখানে সদস্যরা তুষার পরিষ্কার করতে

এবং মেডিকেল মিশনে সহায়তা করছে, যার মধ্যে রয়েছে ডায়ালাইসিস এবং অন্যান্য অ্যাপয়েন্টমেন্টের প্রয়োজন থাকা ব্যক্তিদের পরিবহন করা। সদস্যরা এছাড়াও I-90 তে তুষার পরিষ্কার প্রয়াসে সহায়তা করছে এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারীদের আটকে থাকা যানের ব্যাপারে সাড়াদান করতে সাহায্য করছে।

<u>**এজেন্সির কর্মকাণ্ড**</u>

স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services)

নিউ ইয়র্ক স্টেটের স্বদেশের নিরাপত্তা এবং জরুরি সেবা ডিভিশন নিবিড়ভাবে আবহাওয়া ও যাত্রার পরিস্থিতি পর্যবেক্ষণ করবে, স্টেটের এজেন্সির সাড়াদান কার্যক্রম সমন্বয় করবে, এবং দুর্যোগের সময়জুড়ে স্থানীয়দের সাথে যোগাযোগ রক্ষা করবে। স্টেটের জরুরি ব্যবস্থাপনা অফিসের (State Office of Emergency Management, OEM) জরুরি কার্যক্রম পরিচালনা কেন্দ্র (Emergency Operations Center) ঝড়ের প্রস্তুতিতে বুধবার জাতীয় আবহাওয়া পরিষেবার সাথে আন্তঃএজেন্সি সমন্বয় ফোনালাপ শুরু করে।

স্টেটের অ্যালবানিতে জরুরি কার্যক্রম পরিচালনা কেন্দ্র, এবং একইসাথে ইরি কাউন্টির চিকটোওয়াগাতে একটি আঞ্চলিক কার্যক্রম পরিচালনা কেন্দ্র (Regional Operations Center) সক্রিয় করা হয়েছে বৃহস্পতিবার, যেখানে DHSES স্টেট এজেন্সি অংশীদারদের সাথে মাঠপর্যায়ে সাড়াদানের সমন্বয় করছে, যাদের মধ্যে আছে NYSDOT, স্টেট পুলিশ এবং থ্রুওয়ে কর্তৃপক্ষ। পাশাপাশি, ইরি কাউন্টির জরুরি কর্মকাণ্ড পরিচালনা কেন্দ্রে (Erie County Emergency Operations Center) OEM কর্মীরা রয়েছে স্টেট ও স্থানীয় সাড়াদানের মধ্যে আরো সমন্বয় বজায় রাখার জন্য। স্টেট স্টকপাইলগুলি যেকোনো ধরনের ঝড়-সংক্রান্ত প্রয়োজন সমর্থনে স্থানীয় সরকারের জন্য নিযুক্ত হওয়ার জন্য প্রস্তুত আছে।

স্টেটের অগ্নি প্রতিরোধ ও নিয়ন্ত্রণ অফিস (State Office of Fire Prevention and Control) স্থানীয় প্রথম সাড়াদানকারীদের সহায়তা করছে একটি আবাসিক কাঠামো ভেঙ্গে পড়ার পর এক ব্যক্তিকে উদ্ধার করার জন্য এবং ইরি কাউন্টিতে একটি ছয় সদস্যের ভবন ভেঙ্গে পড়া সাড়াদান দল নিযুক্ত করেছে, যেহেতু তুষারপাত সারারাত চলবে।

পরিবহন বিভাগ (Department of Transportation)

ওয়েস্টার্ন নিউ ইয়র্কে, I-90 থেকে পিটার্স রোড পর্যন্ত রুট 219, এবং I-90 এবং স্টেট রুট 16-র মধ্যকার রুট 400 বর্তমানে বন্ধ আছে। স্টেট ও স্থানীয় কর্মকর্তাদের সমন্বয়ে কাজ করে, বিভাগটি পরিস্থিতি পর্যবেক্ষণ করছে এবং এই রাস্তা কখন পুনরায় খুলে দেওয়া হবে সেই ব্যাপারে জনগণকে জানাবে।

স্টেটের পরিবহন ডিপার্টমেন্ট (Department of Transportation, DOT) 3,287 সুপারভাইজার এবং অপারেটর নিয়ে সাড়াদান করছে। কর্মীদের প্রয়োজনমতো যেকোনো ধরনের সাড়াদান দল হিসেবে সজ্জিত করা যেতে পারে, যার মধ্যে আছে তুষার ও বরফ অপারেশন, ড্রেনেজ, চিপার, ভার তোলা ও বহন, এবং কাটা ও ছুড়ে ফেলা। পাশাপাশি, 75 জন ঘটনা কমান্ড ব্যবস্থা কর্মী উপলভ্য থাকবে আসন্ন ঘটনায় সমর্থন দানের জন্য।

বিভাগটি ওয়েস্টার্ন সাউদার্ন টিয়ার থেকে ইরি কাউন্টিতে শুক্রবার অতিরিক্ত প্লাও ও অপারেটর প্রেরণ করেছে তুষার এবং বরফ অপসারণ কার্যক্রমে আরো সহায়তা করার জন্য, যার মধ্যে রয়েছে হ্যামবার্গ টাউনের স্থানীয় রাস্তা। বিদ্যমান সংস্থানের পাশাপাশি, DOT ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস এবং সেন্ট্রাল নিউ ইয়র্ক থেকে চুক্তিভিত্তিক সংস্থান আনছে। এর মধ্যে রয়েছে 64টি লোডার, 130টির বেশি বড় ডাম্প ট্রাক, একটি স্কিড স্টিয়ার, এবং আরো প্রায় 200 জন কর্মী।

দুর্যোগ চলাকালীন সময় এবং অগ্রাধিকারমূলক পরিষ্কার কার্যক্রম চলাকালীন সময়ে 24/7 কার্যপরিচালনা করার জন্য সব আবাসিক এলাকাতে কর্মী নিয়োগ করা হবে। তুষার ও বরফ সরানোর সব লভ্য সরঞ্জাম মোতায়েনের জন্য প্রস্তুত রয়েছে। ক্ষতিগ্রস্ত এলাকার সকল ফ্লিট মেকানিককে প্রধান আবাসনগুলোতে মেরামত ও ট্রাক চলাচল স্বাভাবিক রাখতে 24/7 প্রস্তুত রাখা হয়েছে।

<u>বাণিজ্যিক যান নিষেধাজ্ঞা</u>
নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ের (I-90) পাশাপাশি, DOT একটি সম্পূর্ণ বাণিজ্যিক যান নিষেধাজ্ঞা কার্যকর করছে নিম্নলিখিত অবস্থানগুলিতে:

- ইন্টারস্টেট 190 - রুট 62 থেকে I-90
- ইন্টারস্টেট 290 - সম্পূর্ণ দৈর্ঘ্য
- ইন্টারস্টেট 990 - সম্পূর্ণ দৈর্ঘ্য
- রুট 33 - শুধু এক্সপ্রেসওয়ে অংশ
- রুট 219 - রুট 39 থেকে I-90
- রুট 400 - সম্পূর্ণ দৈর্ঘ্য
- বাফেলো স্কাইওয়ে রুট 5 - সম্পূর্ণ দৈর্ঘ্য
- I-81 - এক্সিট 33 থেকে কানাডিয়ান সীমান্ত - ট্রাকগুলো শুধু ডান লেন ব্যবহার করবে

<u>বাফেলো স্কাইওয়ে রুট 5 - সম্পূর্ণ দৈর্ঘ্য</u>
বাফেলো স্কাইওয়ে (রুট 5) পুনরায় খুলে দেওয়া হয়েছে, কিন্তু ইরি কাউন্টির চালকদের উচিত স্থানীয় যাত্রা উপদেশ অনুসরণ করা এবং যাত্রা এড়ানো অব্যাহত রাখা।

সর্বশেষ ট্রাফিক এবং ভ্রমণের অবস্থা সম্পর্কে জানতে, 511 নম্বরে ফোন করুন, www.511ny.org ওয়েবসাইট দেখুন, অথবা বিনামূল্যে 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করুন। এই অনলাইন সিস্টেম ও মোবাইল অ্যাপে রয়েছে স্টেট রোড ম্যাপ, যা কোন রাস্তাগুলোতে তুষারের কারণে সমস্যা হচ্ছে এবং কোথায় পরিস্থিতি স্বাভাবিক রয়েছে তা নির্দেশ করে।

থ্রুওয়ে কর্তৃপক্ষ
থ্রুওয়ে কর্তৃপক্ষ (Thruway Authority) কর্মীরা সারাদিন রাত প্রস্তুত আছে এবং স্টেটব্যাপী 657 জন অপারেটর ও সুপারভাইজার নিয়ে লেক ইফেক্ট ঝড়ের সাড়াদানে প্রস্তুত আছে। থ্রুওয়ে এর

নিউ ইয়র্ক, সিরাকিউজ এবং অ্যালবানি ডিভিশন থেকে অতিরিক্ত কর্মী ও সরঞ্জাম স্থানান্তর ও নিযুক্ত করেছে যাতে ওয়েস্টার্ন নিউ ইয়র্কের সম্ভাব্য সবথেকে ক্ষতিগ্রস্ত স্থানগুলিতে তুষার ও বরফ অপারেশন সমর্থন করতে পারে। নিযুক্ত সংস্থানগুলির মধ্যে রয়েছে অপারেটর ও সুপারভাইজার, মেকানিক, বড় প্লাও ট্রাক এবং বড় স্নোব্লোয়ার।

পাশাপাশি, থ্রুওয়ে জরুরি কার্যক্রম পরিচালনা কেন্দ্রসমূহ (Thruway Emergency Operations Centers) বাফেলোতে এবং সদর দপ্তরে কর্মী ঝড়ের পুরো সময়ে যাতে তুষার ও বরফ অপারেশন ব্যবস্থাপনাতে, ট্র্যাফিক ঘটনার সাড়াদান, জরুরি ব্যবস্থাপনা, এবং বাস্তব সময়ের যাত্রী তথ্যের ব্যাপারে সহায়তা করা যায়।

<u>থ্রুওয়ের সর্বশেষ অবস্থা</u>

থ্রুওয়ে যাত্রী যানের জন্য পুনরায় খুলে দেওয়া হয়েছে এক্সিট 53 (বাফেলো (ডাউনটাউন) - কানাডা - নায়াগ্রা ফলস - I-190) এবং এক্সিট 59 (ডানকার্ক) এর মধ্যে শুধু ট্র্যাফিকের জন্য। এলাকার কিছু এক্সিট সকল ট্র্যাফিকের জন্য বন্ধ থাকবে যাতে স্থানীয় রাস্তার তুষার অপসারণ করা যায়।

নিউ ইয়র্ক স্টেটের থ্রুওয়েতে (I-90) এক্সিট 46 (রচেস্টার I-390) থেকে পেনসিলভেনিয়া সীমানা পর্যন্ত, এবং নায়াগ্রা থ্রুওয়েতে (I-190) I-90 থেকে এক্সিট 22 পর্যন্ত (রুট 62) বাণিজ্যিক ট্র্যাফিকের নিষেধাজ্ঞা পরবর্তী নোটিশ না পাওয়া পর্যন্ত বহাল থাকবে। থ্রুওয়েতে পূর্বমুখী সকল বাণিজ্যিক ট্র্যাফিককে অবশ্যই এক্সিট 61 (রিপলি - শর্টম্যান রোড) দিয়ে বের হতে হবে। থ্রুওয়েতে পশ্চিমমুখী বাণিজ্যিক ট্র্যাফিক যারা পয়েন্টস ইস্ট থেকে পেনসিলভেনিয়ার দিকে যাচ্ছে, তাদেরকে I-390 থেকে I-86 পশ্চিম পর্যন্ত এক্সিট 46 (রচেস্টার - I-390) ব্যবহার করতে হবে।

থ্রুওয়েতে মোটরচালকদেরকে শীতকালীন আবহাওয়ার অবস্থা সম্পর্কে সতর্ক করতে বিভিন্ন ধরনের মেসেজ সাইন ও সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়। থ্রুওয়ে কর্তৃপক্ষ তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতেও গাড়ির চালকদেরকে উৎসাহিত করে যা আইফোন ও অ্যান্ড্রয়েড ডিভাইসের জন্য বিনামূল্যে উপলব্ধ। অ্যাপটি চলার পথে মোটরযান চালকদের রিয়েল-টাইম ট্রাফিক সম্পর্কে তথ্য, লাইভ ট্রাফিক ক্যামেরা, ও দিক-নির্দেশনা সংক্রান্ত সহায়তা প্রদান করে। এছাড়াও গাড়ি চালকরা ট্রান্সঅ্যালার্ট (TRANSalert) ই-মেইলের জন্য সাইন-আপ করতে পারেন যা থ্রুওয়ে সংলগ্ন যানবাহনের সর্বশেষ অবস্থা সম্পর্কে তথ্য প্রদান করে৷ আপনি থ্রুওয়ে অথরিটিকে টুইটারে অনুসরণ করতে পারেন: @ThruwayTraffic এবং @NYSThruway এবং ফেসবুকে (Facebook) NYS Thruway Authority।

পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation)

DEC পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স, জরুরি ব্যবস্থাপনা কর্মী এবং আঞ্চলিক কর্মীরা সতর্ক রয়েছেন এবং পরিস্থিতি পর্যবেক্ষণ করছেন এবং গুরুতর আবহাওয়া দ্বারা প্রভাবিত হওয়া এলাকা ও অবকাঠামোগুলোতে সক্রিয়ভাবে টহল দিচ্ছেন। DEC সকল সংস্থান মোতায়েনের জন্য এজেন্সির অংশীদারদের সাথে সমন্বয় করছে এবং যেকোনো জরুরি সাড়া প্রদানের ক্ষেত্রে সহায়তা করার জন্য লভ্য সব সম্পদ যথাস্থানে নিয়োজিত রয়েছে।

DEC ব্যাককান্ট্রি ব্যবহারকারীদেরকে শীতকালীন অবস্থা সম্পর্কে সচেতন থাকার জন্য এবং প্রস্তুতি নেওয়ার জন্য পরামর্শ দিচ্ছে। একজন হাইকারের শারীরিক সক্ষমতা বা গন্তব্য নির্বিশেষে শীতকালীন হাইকিং এর জন্য নিরাপত্তা এবং প্রস্তুতি অত্যন্ত গুরুত্বপূর্ণ। আরো বেশি উপভোগ্য এবং অধিকতর নিরাপদ অভিজ্ঞতার জন্য শীতকালীন অবস্থার জন্য যথাযথভাবে প্রস্তুতি নেওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। আরো তথ্য পাওয়া যাবে: https://www.dec.ny.gov/outdoor/112826.html

DEC নিউ ইয়র্কের সাউদার্ন জোনের বিগ গেম মৌসুমের উদ্বোধনী সপ্তাহান্তে অংশগ্রহণ করার পরিকল্পনা করতে থাকা শিকারিদের উৎসাহিত করছে এই সপ্তাহান্তের ঝড় চলাকালীন সময়ে অতিরিক্ত সতর্কতা অবলম্বন করতে। শিকারিদের জন্য নিরাপত্তা পরামর্শ ও আরো তথ্য উপলভ্য আছে https://www.dec.ny.gov/public/76659.html

DEC বৃহৎ পরিমাণে তুষার অপসারণ এবং নিষ্পত্তির জন্য দায়ী ব্যক্তিদের মনে করিয়ে দিচ্ছে যে তারা বন্যার সম্ভাবনা এবং জলের মানকে লবণ, বালি, তেল, আবর্জনা এবং বরফের অন্যান্য ধ্বংসাবশেষের মতো দূষণকারীর দ্বারা প্রভাবিত হওয়ার সম্ভাবনা হ্রাস করতে সাহায্য করার জন্য সর্বোত্তম ব্যবস্থাপনার অনুশীলনগুলি যেন মেনে চলেন। স্থানীয় খাঁড়ি এবং ঝর্ণাতে তুষার ফেললে এর ফলে বরফের বাঁধ সৃষ্টি হতে পারে যা কাছের এলাকায় বন্যার কারণ হতে পারে। সরকারি ও বেসরকারি তুষার অপসারণ অপারেটরদেরকে ঝড় চলাকালীন এবং এর পরে এইসব নিরাপত্তা বিষয়ে সচেতন হতে হবে। আরো তথ্য পাওয়া যাবে: https://www.dec.ny.gov/docs/water_pdf/togs5111new.pdf

ঝড়ো আবহাওয়া পরিস্থিতির আশঙ্কার কারণে, ঝড়ের সময় ও তার পরে DEC ফ্যাসিলিটিগুলি বন্ধ থাকতে পারে বা যাতায়াতের সুযোগ সীমিত হতে পারে। প্রভাবিত ফ্যাসিলিটিগুলির দশা জানতে, DEC ঝড় তথ্য ওয়েবপেজটি ভিজিট করুন https://www.dec.ny.gov/public/76659.html

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation)

নিউ ইয়র্ক স্টেট পার্ক পুলিশ এবং পার্কের পার্সোনেলরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি এবং তার পরিণামের উপর কড়া নজর রাখছেন। বাফেলো হারাবার এবং উডলন সৈকত স্টেট পার্কে যাতায়াত বর্তমানে সীমিত করে দেওয়া হয়েছে। পার্কে গমনকারীদের parks.ny.gov ওয়েবসাইট চেক করা উচিত অথবা পার্কের সময়, খোলা ও বন্ধের ব্যাপারে সর্বশেষ তথ্যের জন্য তাদের স্থানীয় পার্ক অফিসে কল করা উচিত।

জনসেবার বিভাগ (Department of Public Service)

নিউ ইয়র্কের ইউটিলিটিগুলিতে রাজ্য জুড়ে ক্ষয়ক্ষতি মূল্যায়ন, প্রতিক্রিয়া, মেরামত এবং পুনরুদ্ধারের প্রচেষ্টার জন্য আনুমানিক 5,780 জন কর্মী উপলভ্য। এতে রয়েছে অতিরিক্ত 280 জন বাহ্যিক FTE যা জাতীয় গ্রিড দ্বারা নিশ্চিত হয়েছে। NYSEG অতিরিক্ত 224 জন চুক্তিভিত্তিক লাইন কর্মী এবং 99 জন চুক্তিভিত্তিক গাছ কর্মীকে প্রয়োজন হলে সাড়াদানের জন্য প্রস্তুত

রেখেছে। DPS-এর কর্মীরা পুরো সময়জুড়ে ইউটিলিটি কার্যক্রমের ট্র্যাক রাখবে এবং সবচেয়ে বেশি প্রভাবিত হওয়া এলাকাগুলোতে ইউটিলিটি এজেন্সিগুলোর যথাযথ কর্মী নিয়োগের বিষয়টি নিশ্চিত করবে।

স্টেট পুলিশ, স্টেট দমকল, এবং জরুরি চিকিৎসা সেবা
স্টেট পুলিশ লেক ইফেক্ট তুষার দ্বারা সবথেকে বেশি আক্রান্ত এলাকাগুলিতে অতিরিক্ত টহল যোগ করেছে, এবং অতিরিক্ত বিশেষ যানের ব্যবস্থা করেছে যার মধ্যে রয়েছে সেই সব অঞ্চলে অল-টেরেইন যান, ইউটিলিটি টাস্ক যান এবং স্নোমোবাইল। সকল ফোর হুইল ড্রাইভ যান নিযুক্ত করা হয়েছে, এবং ট্রুপ জরুরি বিদ্যুৎ ও যোগাযোগ সরঞ্জামসমূহ পরীক্ষা করে দেখা হয়েছে। 19 নভেম্বর পর্যন্ত, স্টেটের দমকল আটকে পরা যান থেকে 155 জন ব্যক্তিকে উদ্ধার করে নিরাপদ স্থানে নিয়ে গেছে।

<u>শীতকালীন নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ</u>
শীতকালীন ভ্রমণ

- নিরাপদে গাড়ি চালানোর জন্য কিছু গুরুত্বপূর্ণ পরামর্শের মধ্যে রয়েছে:
- শীতকালীন ঝড়ের সময়ে প্রয়োজন না হলে গাড়ি চালাবেন না।
- সেতুগুলোতে সতর্কতা অবলম্বন করুন কারণ সেখানে সড়কের তুলনায় অধিক দ্রুত বরফ জমে যায়।
- যদি আপনাকে ভ্রমণ করতেই হয়, আপনার গাড়িতে জীবন-রক্ষাকারী সরঞ্জাম যেমন কম্বল, বেলচা, ফ্ল্যাশলাইট ও বাড়তি ব্যাটারি, বাড়তি গরম পোশাক, টায়ার চেইনের সেট, ব্যাটারির বুস্টার ক্যাবল, দ্রুত শক্তিদায়ক খাবার এবং বিপদ সংকেত দেয়ার জন্য ব্যবহারের উদ্দেশ্যে উজ্জ্বল রঙের কাপড়ের টুকরা রয়েছে তা নিশ্চিত করুন।
- যদি আপনার ব্যবহারের জন্য অন্যান্য যোগাযোগের ডিভাইস যেমন সেল ফোন অথবা টু-ওয়ে রেডিও থাকে, তাহলে ব্যাটারিতে চার্জ দিয়ে রাখুন এবং ভ্রমণের সময় সেটি আপনার সঙ্গে রাখুন। যদি আপনি হারিয়ে যান, সাহায্যের জন্য কল করে উদ্ধারকারীদেরকে আপনার লোকেশন জানাতে পারবেন।
- শীতকালীন সময়ে মৃত্যু ও আঘাতপ্রাপ্তির শীর্ষ কারণ হলো পরিবহনজনিত দুর্ঘটনা। গাড়িতে চলাচল করার আগে আপনার যানবাহন বরফ ও তুষার থেকে মুক্ত আছে তা নিশ্চিত করে নিন; ভালোভাবে দৃষ্টিগোচর হওয়াটা ভালোভাবে গাড়ি চালানোর মূল চাবিকাঠি। আপনার থামার স্থানগুলো সম্পর্কে পরিকল্পনা করে রাখুন এবং গাড়িগুলোর মধ্যে আরো বেশি দূরত্ব রাখুন। অতিরিক্ত সতর্ক থাকুন এবং মনে রাখবেন যে তুষারকণা ছোট শিশুদেরকে আড়াল করে দিতে পারে। সবসময় সড়ক ও আবহাওয়ার অবস্থার সঙ্গে আপনার গতির মিল রাখুন।
- সকল সড়কে চলাচলকারী গাড়ি চালকদের জন্য এটি জেনে রাখা গুরুত্বপূর্ণ যে স্নো-প্লাউগুলো ঘণ্টায় 35 মাইল গতিবেগে চলাচল করে, যা বহু ক্ষেত্রেই পোস্ট করা গতিসীমার চেয়ে কম হয়ে থাকে, যাতে ছিটিয়ে দেয়া লবণগুলো ড্রাইভিং লেনের মধ্যেই থাকে এবং সড়কপথের বাইরে ছিটকে না পড়ে। প্রায় ক্ষেত্রেই ইন্টারস্টেট হাইওয়েগুলোতে স্নো-প্লাউগুলো পাশাপাশি অবস্থান করে কাজ করে

থাকে, কারণ এতে একাধিক লেন সর্বাধিক কার্যকর ও নিরাপদ উপায়ে পরিষ্কার করা যায়।

- গাড়ি চালক ও পথচারীদেরকেও খেয়াল রাখতে হবে যে স্নো-প্লাউ চালকদের দৃষ্টিগোচরতা সীমিত থাকে, এবং স্নো-প্লাউ এর আকার ও ওজন সেটিকে দ্রুত সরানো ও বন্ধ করা কঠিন করে তুলতে পারে। তুষার-অপসারণ-যন্ত্রের পেছন থেকে বরফ ওড়ানো এর চালকদের দৃষ্টিশক্তি মারাত্মকভাবে হ্রাস করতে বা হোয়াইটআউট অবস্থার কারণ ঘটাতে পারে। গাড়িচালকদের তুষার-অপসারণ-যন্ত্রকে পাশ কাটিয়ে যাওয়ার চেষ্টা করা বা পেছন-পেছন যাওয়া অথবা খুব কাছাকাছি যাওয়া উচিৎ নয়। গাড়ি চালকদের জন্য গাড়ি চালানোর জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হলো স্নো-প্লাউ এর বেশ পিছনে যেখানে সড়কপথ পরিষ্কার রয়েছে ও লবণ ছিটানো হয়েছে। কখনো কোনো স্নোপ্লাউ চালু অবস্থায় এটির সামনে দিয়ে অতিক্রম করার চেষ্টা করবেন না।

ভারী কাজকর্ম

ভারী কাজকর্ম, যেমন বরফ সরানো, ধ্বংসাবশেষ পরিষ্কার করা অথবা গাড়ি ঠেলা, ইত্যাদি হার্ট অ্যাটাকের ঝুঁকি বাড়িয়ে দেয়।

সমস্যা এড়াতে:

- উষ্ণ থাকুন, গরম পোশাক পরুন এবং ঘরের বাইরে কাজ করার সময় ধীর গতিতে কাজ করুন।
- অতিরিক্ত পরিশ্রম এড়াতে ঘন ঘন বিশ্রাম নিন
- যদি আপনি বুকে ব্যথা, শ্বাসকষ্ট, বা আপনার চোয়াল থেকে আপনার বাহুর দিকে চলে যাওয়া ব্যথা, ইত্যাদি অনুভব করেন -- তাহলে থামুন এবং তাৎক্ষণিকভাবে সাহায্য চান।

বিদ্যুৎ বিভ্রাট

- এলাকাভিত্তিক মেরামতের সময়সূচি জানতে আপনার ইউটিলিটির কাছে ফোন করুন
- পরিষেবা ফিরে আসার সময় সার্কিট ওভারলোড হওয়া রোধ করতে লাইট ও অ্যাপ্লায়েন্সগুলো বন্ধ রাখুন বা প্লাগ খুলে রাখুন; কখন বিদ্যুৎ ফিরে আসছে তা জানার জন্য একটি বাতি চালু রাখুন
- যদি শীতকালীন ঝড়ের সময়ে হিটিং চলে যায়, তাহলে আপনার যেসব কক্ষ প্রয়োজন নেই সেগুলো বন্ধ করে দেওয়ার মাধ্যমে উষ্ণতা ধরে রাখুন।

হিটিং সংক্রান্ত সতর্কতা

- বিকল্প তাপের জন্য শুধু নিরাপদ উৎস যেমন ফায়ারপ্লেস, ছোট আকারের ভালো ভেন্টযুক্ত কাঠের বা কয়লার চুলা বা পোর্টেবল স্পেস হিটার ব্যবহার করুন
- সবসময় প্রস্তুতকারকের নির্দেশনা মেনে চলুন
- বিকল্প তাপের উৎস যেমন ফায়ারপ্লেস, উডস্টোভ, ইত্যাদি ব্যবহার করার সময় সবসময় যথাযথ ভেন্টিলেশন রয়েছে তা নিশ্চিত করুন

- পর্দা, তোয়ালে এবং পটহোল্ডারগুলোকে উত্তপ্ত পৃষ্ঠতল থেকে দূরে রাখুন।
- একটি অগ্নি নির্বাপক যন্ত্র এবং স্মোক ডিটেক্টর রাখুন এবং সেগুলো কাজ করছে তা নিশ্চিত করুন
- যদি আপনি আপনার হিটিং-এর নিয়মিত জ্বালানির সম্পূরক হিসেবে, অথবা জরুরি পরিস্থিতিতে তাপের উৎস হিসেবে কেরোসিন হিটার ব্যবহার করেন, তাহলে নিম্নলিখিত নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ অনুসরণ করুন:
  -উৎপাদকের নির্দেশনা অনুসরণ করুন
  -আপনার ইউনিটের জন্য শুধু সঠিক জ্বালানি ব্যবহার করুন
  -শুধু ঘরের বাইরে এবং শুধুমাত্র যখন ইউনিটটি ঠাণ্ডা থাকে তখন পুনরায় জ্বালানি ভর্তি করুন
  -হিটারকে আসবাবপত্র এবং অন্যান্য দাহ্য বস্তু থেকে কমপক্ষে তিন ফুট দূরে রাখুন
  -হিটার ব্যবহার করার সময়, আগুন থেকে সুরক্ষার পদক্ষেপসমূহ এবং ভেন্টিলেশন যথাযথভাবে ব্যবহার করুন

নিরাপত্তা সংক্রান্ত আরো পরামর্শের জন্য ভিজিট করুন https://dhses.ny.gov/safety।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418